গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কার্যালয়,
নড়াইল।

# নিয়োগ বিজ্ঞপ্তি

নড়াইল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসির নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে প্রত্যেকটি পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | স্টেনো-টাইপিস্ট (১০২০০-২৪৬৮০) | ০১ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ তদসহ শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ ও বাংলায় ৬০ শব্দ লিখিতে এবং ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ টাইপ করার গতি সম্পন্ন। |
| ০২ | বেঞ্চ সহকারী/ বেঞ্চ এ্যাসিসটেন্ট (৯৭০০-২৩৪৯০) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ০৩ | রেকর্ড সহকারী/অফিস সহকারী (৯৩০০-২২৪৯০) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ০৪ | অফিস সহকারী কাম-টাইপিস্ট (৯৩০০-২২৪৯০) | ০১ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২০ ও ২০ শব্দ টাইপ করার গতি সম্পন্ন। |
| ০৫ | স্টোরকিপার (৯৩০০-২২৪৯০) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ০৬ | টাইপিস্ট/কপিস্ট (৯৩০০-২২৪৯০) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। বাংলা ও ইংরেজী টাইপিং-এ গতি প্রতি মিনিটে যথাক্রমে ৩০ এবং ৩৫ শব্দের গতি থাকতে হইবে। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ০৭ | ক্যাশ সরকার (৯০০০-২১৮০০) | ০১ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | দপ্তরী (৮৫০০-২০৫৭০) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৯ | ফরাশ (৮২৫০-২০০১০) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## "শর্তাবলী"

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নিজ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ ও ০১.০২.২০২১ খ্রিঃ তারিখে বয়স (ছ) অভিজ্ঞতা যদি থাকে (জ) নিজ জেলা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) কোটার নাম (যদি থাকে) উল্লেখ পূর্বক জেলা ও দায়রা জজ, নড়াইল বরাবর আবেদন করিতে হইবে।

৩। দরখাস্তটি আগামী ২৫.০৩.২০২১ খ্রিঃ তারিখ ৪.৩০ ঘটিকার মধ্যে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নড়াইল বরাবর ডাকযোগে অথবা সরাসরি পৌছাইতে হইবে। উক্ত তারিখ ও সময়ের পরে পৌছানো কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

৪। ০১.০২.২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নহে।

৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতামহ/মাতামহ এর অনুকূলে প্রার্থীর আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করিয়া দিতে হইবে। এরূপ সনদপত্র ব্যতিত অন্যকোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হইবে না।

৬। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা নিয়োগ বিধি মোতাবেক শিথিলযোগ্য।

৭। দরখাস্তের সহিত (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙিন ছবি, (খ) সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) (ঙ) কোটার সমর্থনে প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। সত্যায়িত ফটোকপি সমূহে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল থাকিতে হইবে।

৮। প্রার্থী যে ঠিকানায় চিঠিপত্র পাইতে আগ্রহী সেই ঠিকানা সম্বলিত ১২(বার) টাকার ডাক টিকিটযুক্ত (৯.৫ X ৪.৫ ইঞ্চি) ১টি ফেরত খাম আবেদনপত্রের সহিত প্রেরণ করিতে হইবে।

৯। খামের উপর প্রার্থীর পদের নাম, জেলার নাম, কোটা (যদি থাকে) ও মোবাইল নম্বর উল্লেখ করিতে হইবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কোটা অনুসরণ করা হইবে।

১১। প্রার্থীকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হইবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় ডাকা হইবে । মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হইবে।

১২। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে প্রবেশপত্র ও কলম সঙ্গে আনিতে হইবে। কোন প্রকার ফোন, ক্যালকুলেটর বা কোন ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে রাখা যাইবে না।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি সঙ্গে আনিতে হইবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেওয়া হইবে না।

১৫। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে ।

১৬। নিয়োগের ক্ষেত্রে নড়াইল জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সংশোধন ও আংশিক বা সম্পূর্ণ বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।


(মেহেদী আল-মাসুদ)
সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নড়াইল ।


জি-৪৬১/২১ (৯"X৩)